



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 20



Class: 3

Subject: Bengali Gram(অনুচ্ছেদ)

Date: 20/11/2020

নিম্ন লিখিত সংকেত অবলম্বনে শীতকাল সম্বন্ধে একটি অনুচ্ছেদ লেখ ।

সংকেত:- ভূমিকা - শীতের আগমন - শীতের প্রকৃতি - সুবিধা - অসুবিধা

গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত ও শীত এই হল আমাদের ঋতুচক্র। প্রতি ঋতুতেই আবহাওয়ার রূপের পরিবর্তন স্পষ্ট বোঝা যায়। সাধারণত পৌষ ও মাঘ এই দুই মাস হল শীতকাল। উত্তর দিক থেকে কনকনে ঠান্ডা হাওয়া আসে। গাছের শুকনো পাতাগুলো ঝরে যায়। এই সময় দিন ছোট হয় আর রাত বড় হয়। সকাল সন্ধে কুয়াশায় ঢাকা থাকে। আমাদের দেশের শীতকাল সাধারণত শুকনো হয় অর্থাৎ বৃষ্টিপাত হয় না। এই সময় ফুলকপি, বাধাকপি, মটরশুটি, সীম প্রভৃতি নানারকম শাকসব্জি পাওয়া যায়। ডালিয়া, চন্দ্রমল্লিকা, গাঁদাফুল চারিদিকে সৌন্দর্য ছড়িয়ে দেয়। ঠান্ডার জন্য আমরা গরম পোষাক পরি। রাত্রে লেপ, কম্বল গায় দিই। সর্দি, কাশি, জ্বর প্রভৃতি নানারকমের অসুখ বিশেষত শিশুদের হয়ে থাকে। এই সময় গরীব মানুষদের খুবই কষ্ট হয়। সব ঋতুর মধ্যে শীতকাল কিন্তু আনন্দের ঋতু। এই সময় নানারকমের বনভোজন, বেড়ানো ইত্যাদি নিয়ে মানুষ মেতে থাকে।

Manashi Chaudhuri